গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dls.gov.bd

নথি নং-৩৩.০১.০০০০.১১০.৫৩.০১১.১৫ - ৫৩০ তারিখ: ১২/৪/২০২২ খ্রি.

বিষয় : আমেরিকা হতে বিশুদ্ধ হলস্টেইন ফ্রিজিয়ান জাতের ৬০০ ডোজ হিমায়িত সেক্সড সিমেন আমদানির অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র: (১) Managing Director & CEO, এসিআই এগ্রিবিজনেজ, এসিআই লিমিটেড, তেজগাঁও, ঢাকা এর ১৫/০৯/২০২১ তারিখের আবেদন পত্র।
(২) National Technical Regulatory Committee (NTRC)-এর ০৩/১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।
(৩) ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর, এসিআই এনিমেল হেলথ্-এর ০৯/৩/২০২২ খ্রি: তারিখের আবেদন পত্র।
(৪) জেনটেক ইন্টারন্যাশনাল লিমিটেড-এর ০৫/০৪/২০২২খ্রি. তারিখের আবেদন পত্র।
(৫) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয় কর্তৃক অনুমোদনকৃত National Technical Regulatory Committee (NTRC) এর ০৩/০১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী স্মারক নং- ১৬৫ তারিখ: ০৬/৪/২০২২খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ ২নং ক্রমিকের National Technical Regulatory Committee (NTRC) এর ০৩/০১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং সূত্রোস্থ ৫নং ক্রমিকের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়ের স্মারক নং- ১৬৫ তারিখ: ০৬/৪/২০২২খ্রি. অনুযায়ী উক্ত সভার সিদ্ধান্ত অনুমোদনের প্রেক্ষিতে আমদানী নীতি আদেশ ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৬ (৪১)(৪৬)(৪৭) ও National Livestock Policy-2007, পশুরোগ আইন-২০০৫ এর সংশ্লিষ্ট ধারা এবং বিধিমালা-২০০৮, বিদ্যমান Breeding Policy, পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ এবং বেসরকারী পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ এর শর্তাবলী অনুসরণপূর্বক এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড-কে তাদের নিজস্ব খামারে ব্যবহারের জন্য আমেরিকা হতে ৬০০ ডোজ সেক্সড হিমায়িত সিমেন নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে আমেরিকা থেকে আমদানি করার জন্য জেনটেক ইন্টারন্যাশনাল লিমিটেড-কে অনুমতি প্রদান করা হলো:

শর্তাবলী:

১। আমদানিতব্য **Bovine Semen Straws** এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর নিজস্ব খামারে ব্যবহার করতে হবে। কোন অবস্থাতেই আমদানিকৃত সিমেন অথবা আমদানিকৃত সিমেন থেকে উৎপাদিত বকনা বা ষাড়ঁ অথবা ষাড়েঁর সিমেন নিজস্ব খামারের বাহিরে অন্যত্র স্থানান্তর বা ব্যবহার করা যাবে না।

২। সিমেন আমদানীর পূর্বে ষাঁড় সমূহের Pedigree & Performance প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে।

৩। আমদানীতব্য বীজ (Semen) এর ক্ষেত্রে অনুমোদিত ব্রিডিং নীতিমালা অনুসারে হিমায়িত বীজ (Semen) উৎপাদনকারী/প্রদানকারী ব্রিড বা জাতের ষাড়ঁ অবশ্যই Proven Bull হতে হবে এবং বীজ (Semen) উৎস দেশের Breeding Society কর্তৃক Proven Bull হিসেবে অনুমোদিত হতে হবে।

৪। **Bovine Semen Straws** রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সিমেন উৎপাদনকারী Bull সমূহের স্বাস্থ্য সনদ থাকতে হবে এবং বন্দরে পৌছার সাথে সাথে সরকার অনুমোদিত পরিক্ষাগারে **Bovine Semen Straws** এর গুণগত মান পরীক্ষা করাতে হবে।

৫। প্রজনন কার্যক্রম শুরুর পূর্বেই আমদানীকৃত **Bovine Semen Straws** গুণগত মান কৃত্রিম প্রজনন ল্যাবরেটরী, সাভার, ঢাকা হতে পরীক্ষান্তে প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে।

৬। প্রাণিসম্পদ অধিদপ্তরের জনবল দ্বারা গাভী প্রজনন করাতে হবে।

৭। **Bovine Semen Straws** আমদানীর পর **Bovine Semen Straws** এর ব্যবহার এবং কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবরে দাখিল করতে হবে।

৮। ফার্মের Bio-Security নিশ্চিত করতে হবে।

৯। আমদানী সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে।

১০। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সরেজমিনে খামার পরিদর্শন করে একটি প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল করবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহা-পরিচালকের দপ্তর
ডাইরী নং.....

১১। সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এ বিষয়ে ফোকাল পয়েন্ট/কন্টাক্ট পার্সন হিসাবে কাজ করবেন। তিনি প্রতিমাসে খামার পরিদর্শন করে খামারের সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন এবং একাজে খামার কর্তৃপক্ষ সার্বিক সহযোগীতা করবেন।

১২। উল্লিখিত **Bovine Semen Straws** আমদানির অনুমোদন কোন অবস্থাতেই ভবিষ্যতে আমদানির ক্ষেত্রে Reference হিসেবে গ্রহণযোগ্য হবে না।

১৩। উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে, ভবিষ্যতে কোন আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

১৪। এ আদেশের মেয়াদ ইস্যুর তারিখ থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

১৫। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ স্থগিত/বাতিল করার পূর্ণক্ষমতা সংরক্ষণ করেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহা-পরিচালকের দপ্তর
ডাইরী নং.....
তাং 02/8/2022
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা

02/8/2022

(ডা. পল্লব কুমার দত্ত)
উপপরিচালক (এইচআরডি)
পক্ষে-মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
E-mail: adtraining.dls@gmail.com

02/8/2022

জেনটেক ইন্টারন্যাশনাল লি:
৮৬, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি:

১। পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, সাভার, ডিএলএস, ঢাকা।
২। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।
৩। উপ পরিচালক (এ আই ল্যাব), কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।
৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ...।
৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,..... ।
৬। অফিসার-ইন-চার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন ষ্টেশন, হজরত শাহজালাল আর্ন্তজাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।
৭। আইসিটি অফিসার, আইসিটি শাখা, ডিএলএস, ঢাকা (ডিএলএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। অফিস কপি।